দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... JAN. ...
পৃষ্ঠা ... কলাম ...



সভাপতি ও সাধারণ সম্পাদক

## ঢাবি শিক্ষক সমিতির নির্বাচনে সাদাদলের জয়লাভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষকদের সাদা দল জয়লাভ করেছে। শিক্ষক সমিতির ১৫টি পদের মধ্যে 'সাদা দল' সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১০টিতে এবং আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের 'নীল দল' ৫টি পদে জয়লাভ করেছে। গতকাল মঙ্গলবার শিক্ষক সমিতির ক্লাবে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হয়। গত বছরও শিক্ষক সমিতির নির্বাচনে সাদা দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছিল। সভাপতি পদে বিজয়ী হলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক আসাদুজ্জামান (প্রাপ্ত ভোট ৫৩৪), তার প্রতিদ্বন্দ্বী ছিলেন কলা অনুষদের ডীন অধ্যাপক কাজী শহীদুল্লাহ (প্রাপ্ত ভোট ৪৮২)। সাধারণ সম্পাদক পদে বিজয়ী ড. ইয়ারুল কবীর (প্রাপ্ত ভোট ৫১০), তার প্রতিদ্বন্দ্বী ছিলেন ড. আনোয়ার হোসেন (প্রাপ্ত ভোট ৪৯২)। সহ-সভাপতি ড. আবুল খায়ের (প্রাপ্ত ভোট ৫৪৮) এবং তার প্রতিদ্বন্দ্বী ড. হোসেন মনসুর (প্রাপ্ত ভোট ৪৪৬)। কোষাধ্যক্ষ ড. সিরাজুল ইসলাম (সর্বোচ্চ প্রাপ্ত ভোট ৫৭১), তার প্রতিদ্বন্দ্বী খোন্দকার আশরাফ হোসেন (প্রাপ্ত ভোট ৪২১)। যুগ্ম সম্পাদক পদে জয়ী হলেন নীল দলের ড. আখতারুজ্জামান (প্রাপ্ত ভোট ৪৯২) তার প্রতিদ্বন্দ্বী লুৎফর রহমান (প্রাপ্ত ভোট ৪৯১)। কার্যনির্বাহী সদস্য পদে জয়ী হয়েছেন সাদা দলের ড. আনোয়ার হোসেন (প্রাপ্ত ভোট ৫৩০), অধ্যাপক আবু আহমেদ (প্রাপ্ত ভোট ৫২২), ড. আবুল কালাম মনজুর মোরশেদ (প্রাপ্ত ভোট ৪৯৮), ড. একেএম সিরাজুল ইসলাম খান (প্রাপ্ত ভোট ৫৫৪), ড. তাজমেরী সেলিমা আখতার ইসলাম (প্রাপ্ত ভোট ৫১৩) এবং ড. নুরুল আমীন বেপারী (প্রাপ্ত ভোট ৪৮৫)। সদস্য পদে নীল দলের বিজয়ী প্রার্থীরা হলেন ড. আ সা ম ... স আরেফিন সিদ্দিক (প্রাপ্ত ভোট ৫১৮), ডঃ আঃ আই এম আমিনুর রশীদ (প্রাপ্ত ভোট ৪৯৮), ড. এজেডএম নওশের আলী খান (প্রাপ্ত ভোট ৪৮৯) এবং শরিফ উল্লাহ ভুঁইয়া (প্রাপ্ত ভোট ৫৪০)।